ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৯৮০

আগরতলা, ২৩ আগস্ট,২০২৪

**ত্রয়োদশ ত্রিপুরা বিধানসভার পঞ্চম অধিবেশন ঃ নিরাপত্তামূলক ব্যবস্থা**

৪ সেপ্টেম্বর, ২০২৪ থেকে ত্রয়োদশ ত্রিপুরা বিধানসভার পঞ্চম অধিবেশন শুরু হচ্ছে। এই অধিবেশনের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে রাজ্য বিধানসভার অধ্যক্ষ নিরাপত্তামূলক কিছু ব্যবস্থা নেওয়ার জন্য নির্দেশ দিয়েছেন। এই আদেশ অনুযায়ী মনুষ্যচালিত রিক্সা ব্যতীত বিধানসভা সচিবালয়ের জারি করা বৈধ পাস ছাড়া কোন ব্যক্তি বা যানবাহন বিধানসভা চত্বরে প্রবেশ করতে পারবেন না। এছাড়া ত্রিপুরা বিধানসভার সদস্য, সংবাদমাধ্যমের প্রতিনিধিবৃন্দ এবং ত্রিপুরা বিধানসভায় কর্মরত কর্মীগণ বিধানসভা চত্বরে প্রবেশের সময় গেইটে নিরাপত্তা বাহিনীর সদস্যগণ চাইলে তাদের পরিচয়পত্র/ বিধানসভা সচিবালয়ের জারি করা বৈধ পাস দেখাবেন। একইসঙ্গে ত্রিপুরা বিধানসভার সদস্য, সংবাদমাধ্যমের প্রতিনিধিবৃন্দ এবং ত্রিপুরা বিধানসভায় কর্মরত কর্মীগণ বৈধ অনুমতিপ্রাপ্ত পাসযুক্ত মোটরকার বা অন্য কোন বাহনে বিধানসভা চত্বরে প্রবেশ করতে পারবেন। তবে তাদের সঙ্গে অন্য কেউ থাকতে পারবেন না। এছাড়া কোন দর্শক, সরকারি আধিকারিক, সংবাদমাধ্যমের কর্মীগণ এবং ত্রিপুরা বিধানসভার কর্মীগণ ব্যাগ/ কোন আপত্তিকর জিনিসপত্র নিয়ে অধিবেশন কক্ষে প্রবেশ করতে পারবেন না। অধিবেশন কক্ষে মোবাইল ব্যবহারের উপর কঠোর নিয়ন্ত্রণাদেশ জারি করা হয়েছে। রাজ্য বিধানসভার উপসচিব আজ এক বিজ্ঞপ্তিতে এই সংবাদ জানিয়েছেন।

******